## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি)



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

## ময়মনসিংহে বজাবন্ধু ও বজামাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩-সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

ময়মনসিংহ (রবিবার, ১৫ অক্টোবর ২০২৩ খ্রি.)

রবিবার (১৫ অক্টোবর) বঞ্চাবন্ধু ও বঞ্চামাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর চূড়ান্ত পর্যায়ের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ ময়মনসিংহের সার্কিট হাউজ মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের আয়োজনে এই ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

ময়মনসিংহ বিভাগের ০৪ জেলা ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও নেত্রকোনার মোট ০৮টি দল এই ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ করেছে। টুর্নামেন্টের ফাইনাল খেলায় বজামাতা গোল্ডকাপে শেরপুর সদর উপজেলার বাদাতেঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ময়মনসিংহের নান্দাইল উপজেলার পাঁচরুখী সরকারি প্রাথমিক বিদ্যালয় বালিকা দল অংশগ্রহণ করে। খেলায় ময়মনসিংহ দল ৪-১ গোলে চ্যাম্পিয়ন হয়। বজাবন্ধু গোল্ডকাপে জামালপুরের মাদারগঞ্জের চরগোলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ময়মনসিংহের ধোবাউড়া উপজেলার মুিসিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় বালক দল অংশগ্রহন করে। এতে জামালপুর ৩-০ গোলে চ্যাম্পিয়ন হয়।

শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও নান্দনিক বিকাশে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব অনুধাবন করেই প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীকে খেলাধুলার প্রতি আকৃষ্ট করতে সরকার ২০১০ সালে জাতীয়ভাবে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট প্রবর্তন করে এবং ২০১১ সালে বঙ্গমাতা শেখ ফজিলাতুরেছা মুজিবের স্মৃতির প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ প্রাথমিক পর্যায়ের মেয়ে শিক্ষার্থীদের জন্য বঙ্গমাতা শেখ ফজিলাতুরেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণকালীন সময় খেলোয়ারদের উদ্দেশ্যে প্রতিমন্ত্রী বলেন, তোমরা আগামীতে আমাদের নেত্রকোনার সন্তান জাতীয় দলের সাবেক ফুটবলার আরিফ খান জয়ের মত ফুটবলার হয়ে বিশ্বমঞ্চ দাপিয়ে বেড়াতে এবং দেশের প্রকৃত নাগরিক হিসেবে গড়ে উঠতে পারো সেই কামনা করছি। প্রতিমন্ত্রী আরো বলেন, তোমরা যারা জাতীয় পর্যায়ে খেলায় অংশগ্রহন করবে ও আগামীতে চ্যাম্পিয়ন হতে পারো প্রশাসনকে সাথে নিয়ে আমরা সবধরনের সহযোগিতা অব্যাহত রাখব এবং খেলাধুলার উপযোগী পরিবেশ তৈরিতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করবো।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, স্বাগত বক্তব্য প্রদান করেন প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের উপপরিচালক মোহাম্মদ আলী রেজা। অনুষ্ঠানে ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, বিভাগের জেলা উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দ, ছাত্র-ছাত্রীবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ সাধারণ দর্শকগণ উপস্থিত ছিলেন।

#